



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা-১০০০.



স্মারক নং-বিএসএমএমইউ/২০২০/৮৫৬০

তারিখ:

১৩ আশ্বিন- ১৪২৭ বঙ্গাব্দ

২৮ সেপ্টেম্বর-২০২০ খ্রিস্টাব্দ

কোটেশন বিজ্ঞপ্তি

বিষয়ঃ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ডরমেটরি ভবনে রেসিডেন্ট ডাক্তারদের ব্যবহারের জন্য লিনেন সামগ্রী ক্রয় প্রসঙ্গে।

এই বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ডরমেটরি ভবনে রেসিডেন্ট ডাক্তারদের ব্যবহারের জন্য লিনেন সামগ্রী ক্রয়ের জন্য জরুরি ভিত্তিতে নিম্নবর্ণিত মালামাল পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-৬৯ অনুযায়ী কোটেশন দরপত্রের মাধ্যমে ক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।


দরপত্রে শর্তাবলীঃ

- (১) কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সামগ্রী সরবরাহ কাজের ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- (২) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ এবং ভ্যাট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- (৩) দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় সীল মোহরসহ স্বাক্ষর করতে হবে।
- (৪) সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করে বিল পরিশোধ করা হবে।
- (৫) বিল পরিশোধের নিমিত্তে প্রতি বিলের বিপরীতে তিন কপি চালান ও তিন কপি বিল দাখিল করতে হবে।

উক্ত শর্তাবলীর আলোকে প্রকৃত সংশ্লিষ্ট সামগ্রী সরবরাহকারীদের মধ্য হইতে ইচ্ছুক দরপত্র দাতাগণ খামের উপর বিজ্ঞপ্তির স্মারক উল্লেখপূর্বক সীল মোহরকৃত কোটেশন দরপত্র আগামী ০৫/১০/২০২০ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রক্ষিত (প্রক্টর অফিস, ব্লক-বি ৪র্থ তলা, রুম নম্বর-৩২৫) দরপত্র বাঞ্ছা দাখিল করিতে পরিবেন। ঐ দিন বেলা ১২.৩০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন দরগ্রহণে বাধ্য নহেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| ক্রমিক নম্বর | সামগ্রীর নাম | পরিমাণ | প্রতিটির মূল্য | মোট মূল্য | সর্বমোট মূল্য |
|--------------|--|--------|----------------|-----------|---------------|
| ০১ | মেট্রেস (ভালোমানের) সাইজ: ৩৫" X ৮০" | ৫০ টি | | | |

(বিঃদ্র: সংশ্লিষ্ট আইটেম সমূহের নমুনাসহ কোটেশন দাখিল করতে হবে।)


(অধ্যাপক সৈয়দ মোজাফ্ফর আহমেদ)

প্রক্টর ও

সভাপতি, সংশ্লিষ্ট ক্রয় কমিটি।

স্মারক নং-বিএসএমএমইউ/২০২০/৮৫৬০/১(৭)

তারিখ:

১৩ আশ্বিন- ১৪২৭ বঙ্গাব্দ

২৮ সেপ্টেম্বর-২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক (অর্থ ও হিসাব), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিবগণ (গবেষণা ও উন্নয়ন/ প্রশাঃ/ শিক্ষা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ঢাকা।
৫. কোষাধ্যক্ষ মহোদয়ের, একান্ত সচিব, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. সকল নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট www.bsmmu.edu.bd, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. অফিস কপি।

(ডা: আরিফ সালিম খান)

অতিরিক্ত রেজিস্ট্রার

ও

সদস্য-সচিব, সংশ্লিষ্ট ক্রয় কমিটি।

মোবাইল নম্বরঃ +৮৮০১৭১২০৪৪৯২৪